দৈনিক বাংলা 113

তারিখ 01 MAY 1990
পৃষ্ঠা ১ কলাম ৭

# ঢাকা ভার্সিটি সিনেট অধিবেশনঃ অস্থায়ী নিষেধাজ্ঞা বাতিল

।। কোর্ট রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের অধিবেশন বা কোন কার্যক্রমের বিরুদ্ধে ঢাকার সহকারী জজের অস্থায়ী নিষেধাজ্ঞা আদেশ বাতিল ঘোষণা করে গতকাল ঢাকার অতিরিক্ত জেলা জজ ইসমাইল মিঞা একটি মিস আপীল মামলার রায় প্রদান করেন।

বাদী এ কে এম শহিদুল্লাহ ও এ কে এম আলি রেজা ঢাকার সহকারী জজ আদালতে একটি মোকদ্দমা দায়ের করে অভিযোগ করেন, রেজিস্টার্ড গ্রাজুয়েটদের ডাটার তালিকা প্রণয়ন ও চূড়ান্ত ভাবে প্রকাশিত এবং নির্বাচনী তফসিল ঘোষণার পর নির্বাচনের মাত্র ৭২ ঘন্টা আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির অভিযোগের পরি–

(৩–এর পৃঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি সিনেট

(প্রথম পৃঃ পর)

প্রেক্ষিতে রেজিস্টার্ড গ্রাজুয়েট সিনেট নির্বাচন স্থগিত রাখা এবং নির্বাচন ব্যতীত ১৯৮৯ সালের ২৮শে জুন বার্ষিক সভা আহবানের বিবাদি পক্ষের বিজ্ঞপ্তি প্রকাশ বেআইনী ও আইনত অচল। বিজ্ঞ সহকারী জজ মোঃ সামসুল হক বাদীগণের প্রার্থনা ক্রমে প্রথমে অন্তর্বর্তীকালীন এবং পরবর্তীতে বাদী ও বিবাদী উভয়পক্ষের শুনানি শেষে গত ২৮শে ফেব্রুয়ারী মোকদ্দমাটি চূড়ান্ত নিস্পত্তি না হওয়া পর্যন্ত অস্থায়ী নিষেধাজ্ঞা আদেশ জারি করেন।

বিবাদী ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও সিনেট চেয়ারম্যান প্রো–ভাইস চ্যান্সেলার ও রেজিস্ট্রার বিজ্ঞ সহকারী জজের অস্থায়ী নিষেধাজ্ঞা আদেশের বিরুদ্ধে ঢাকার জেলা জজ আদালতে একটি মিস আপীল দায়ের করেন। মিস আপীলটি শুনানির জন্য অতিরিক্ত জেলা জজ আদালতে বদলী করা হয়।

মিস আপীলে আপীলকারী ও রেসপনডেন্টস উভয়পক্ষের শুনানি শেষে বিজ্ঞ জজ ৮ পৃষ্ঠাব্যাপী একটি রায় প্রদান করে। বিজ্ঞ আদালতের অস্থায়ী নিষেধাজ্ঞা আদেশ বাতিল করে রায়ে উল্লেখ করেন নগন্য সংখ্যক ভোটারের কার্যকলাপের জন্য সিনেটের সদস্যগণ সভা করা থেকে বিরত থাকবেন তা কিছুতেই সমীচীন মনে করিনা।

আপীলকারীর পক্ষে জাকির আহমেদ এডভোকেট এবং রেসপনডেন্টস–এর পক্ষে মোকলেছুর রহমান এডভোকেট মামলা পরিচালনা করেন।